

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর

১ম ১২-তলা সরকারী অফিস ভবন

সেগুন বাগিচা, ঢাকা।

নং-সককঅ-১৪/২০০০-২৭৪

তারিখ : ১২-০৩-১৪১০ বাং।

## বিজ্ঞপ্তি

বিষয় : ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের সন্ধান-সজ্ঞাভিদের জন্য ২০০৩-২০০৪ অর্থ বৎসরের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান।

ডাক, তার ও দুলাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক বাত হইতে বেতন গ্রহণকারী ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গোজেটেড সকল সরকারী কর্মচারীদের নিকট হইতে তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। কন্টিনুয়েন্সি, ওয়ার্কচার্জড কর্মচারী যাহারা এক নাগারে ৫ (পাঁচ) বৎসর বা তদুর্ধ্বকাল চাকুরীতে নিয়োজিত আছেন তাহারাও তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

২। উপরোক্ত শ্রেণীর কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যেকোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ (দুই) জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করিতে পারিবেন। তবে তাহাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাশ নম্বরসহ গড়ে ৪০% থাকিতে হইবে। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের (৬ষ্ঠ শ্রেণী হইতে এস.এস.সি পরীক্ষার পর্যন্ত) পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদন পত্রের ফরম যথাযথভাবে পূরণ করিয়া আগামী ২৮শে আগস্ট ২০০৩/১৩ই ভাদ্র ১৪১০ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে পৌঁছাইতে হইবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না। পরীক্ষার ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে তার ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হইলে তাহা অবশ্যই ১ম শ্রেণীর গোজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

৩। শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক যাহাতে কর্মচারীগণ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করিতে পারে সেদিকে লক্ষ্য রাখিয়া অধিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

৪। কর্মচারীগণ স্ব-স্ব অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিয়া অধিদপ্তরের নিম্ন বর্ণিত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস হইতে ব্যক্তিগতভাবে কিংবা ডাকযোগে ৪.০০-(চার) টাকার ডাক টিকিটযুক্ত ঠিকানা সম্বলিত ১০" x ১৫" সাইজের স্বাম প্রেরণপূর্বক উক্ত ফরম সংগ্রহ করিতে পারিবেন।

- ১। মহা-পরিচালক,  
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর  
১ম ১২-তলা সরকারী অফিস ভবন (১১ তলা)  
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ২। উপ-পরিচালক,  
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর  
১ম ১২-তলা সরকারী অফিস ভবন (৩য় তলা)  
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ৩। উপ-পরিচালক,  
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,  
আমাবাদ, চট্টগ্রাম।
- ৪। উপ-পরিচালক,  
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,  
বয়রা, খুলনা।
- ৫। উপ-পরিচালক,  
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,  
রাজশাহী।
- ৬। উপ-পরিচালক,  
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,  
বরিশাল।
- ৭। উপ-পরিচালক,  
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,  
কোর্ট বিল্ডিং, সিলেট।